[redacted]

[redacted]

আন্দোলনে ঝাপিয়ে পরে মুক্তিকামী বাঙালী জনতা। আগামী জাতীয় সংসদ নির্বাচনে আমাদের দলকে এগিয়ে নেয়ার জন্য আমাদের সকলে একত্রে হয়ে কাজ করে যেতে হবে। জননেত্রী প্রধানমন্ত্রী শেখ হাসিনা আমাদের দেশকে এগিয়ে নেয়ার জন্য যে অক্লান্ত পরিশ্রম করে যাচ্ছেন তাকে সহযোগিতার করার জন্য আমরা আওয়ামীলীগের পতাকা তলে কাজ করে যাব। স্বপ্নের পদ্মা সেতু হওয়ার ফলে আমাদের মেহেরপুর সহ সমগ্র দক্ষিণাঅঞ্চল ব্যবসায়িক জোন হিসাবে প্রতিষ্ঠা পাবে বলে আমরা আশা করি।

সর্বশেষে বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানসহ সকল শহীদদের “আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ মোনাজাত করা হয়।

গাংনীতে ৬ মাসের সাজাপ্রাপ্ত আসামী লাল্টু গ্রেফতার

আদালতের ৬ মাসের সাজাপ্রাপ্ত আসামী আব্দুল লতিফ ওরফে লাল্টুকে
(৫০) গ্রেফতার করেছে গাংনী থানা পুলিশের একটি ইউনিট।
লাল্টু গাংনী উপজেলার চেংগাড়া গ্রামের মৃতু আব্দুল মজিদের ছেলে। বুধবার (২২ জুন) দিবাগত মধ্য রাতে লাল্টুর চেংগাড়া বাড়িতে গাংনী থানা পুলিশের উপপরিদর্শক (এসআই) আব্দুর রাজ্জাকের নেতৃত্বে পুলিশের একটি ইউনিট অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করেন ।
আব্দুল লতিফ ওরফে লাল্টুর বিরুদ্ধে সিআর মামলা ৪২৬/১৮ মামলায় আদালতের গ্রেফতারী পরোয়ানা ছিলো।
গ্রেফতারকৃত লাল্টুকে আজ বৃহস্পতিবার (২ জুন) সকালে আদালতে পাঠানো হয়েছে বলে জানান গাংনী থানার ডিউটি অফিসার এসআই মাসুদুর রহমান।

মেহেরপুর পুলিশের নিয়মিত অভিযানে ৮ জন গ্রেফতার

মেহেরপুর সদর ও গাংনী থানা পুলিশ অভিযান চালিয়ে বিভিন্ন মামলায় ৮ জন কে গ্রেফতার করেছে।

এদের মধ্যে সদর থানা পুলিশ ২ টি মাদক মামলায় ৪ জন ও অন্যান্য নিয়মিত মামলায় ২ জনসহ ৬ জনকে এবং গাংনী থানা পুলিশ অভিযান চালিয়ে আদালতের সিআর মামলায় পরোয়ানাভূক্ত ২ জন আসামীকে গ্রেফতার করেছেন।

গত ২৪ ঘন্টার পুলিশী অভিযানে আজ বৃহস্পতিবার (২৩ জুন) ভোররাত পর্যন্ত সদর থানা ও গাংনী থানার বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে এসব আসামী গ্রেফতার হয়। মেহেরপুর পুলিশ সুপারের কন্ট্রোলরুম এ তথ্য নিশ্চিত করেছে।

গ্রেফতারকৃতদের আজ বৃহস্পতিবার (২৩ জুন) সকালের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

গাংনীর ভাটাপাড়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আর নেই

গাংনী উপজেলার ভাটপাড়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মশিউর রহমান ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)। বুধবার দিবাগত মধ্যরাতে তিনি হৃদরোগে আক্রান্ত হয়ে ইন্তেকাল করেছেন করেছেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিলো ৫৭ বছর। তিনি স্ত্রী , দুই ছেলে ও এক কন্যা সন্তানসহ অসংখ্য ছাত্র-ছাত্রী ও গুণাগ্রাহী রেখে গেছেন। তিনি ভাটপাড়া গ্রামের মৃত পালান শেখের ছেলে। প্রায় ১০ বছর তিনি এই স্কুলের প্রধান শিক্ষক হিসেবে দায়িত্ব পালন করছিলেন। এর আগে তিনি একই স্কুলের সহকারী শিক্ষক

ছিলেন।
জানা গেছে, আজ বৃহস্পতিবার বিকাল ৩ টার সময় ভাটপাড়া ফুটবল মাঠে জানাযা অনুষ্ঠিত হবে ।

কার্পাসডাঙ্গায় ট্রাফিক পুলিশের অভিযানে মামলা ও জরিমানা

দামুড়হুদার কার্পাসডাঙ্গায় মোটরসাইকেল চালক ও আরোহীদের শতভাগ হেলমেট ব্যবহার নিশ্চিত করতে জেলা ট্রাফিক পুলিশ বিশেষ অভিযান পরিচালনা করেছে।

এ সময় মোটরসাইকেলের কাগজপত্র না থাকায় জেলার কার্পাসডাঙ্গায় ১৪টি মোটরসাইকেল এর বিরুদ্ধে মামলা দায়ের সহ- আটক করা হয়েছে। এছাড়াও হেলমেট না পরায় জরিমানা করা হয়েছে।

বুধবার বিকাল সাড়ে ৪টা থেকে সন্ধ্যা সাড়ে ৬টা পর্যন্ত এই অভিযান পরিচালনা করা হয়।

জেলা ট্রাফিক বিভাগের টিআই (প্রশাসন) এটিএম ফকরুল আলম জানান, আমাদের বিশেষ অভিযান নিয়মিত পরিচালনা হয়ে আসছে। চুয়াডাঙ্গা জেলায় মোটরসাইকেল চালক ও আরোহীদের শতভাগ হেলমেট ব্যবহার নিশ্চিত করা হবে।

দর্শনায় সড়ক দূর্ঘটনায় পৌর

কাউন্সিলর রেজাউল আহত

দর্শনা পৌরসভার ওয়ার্ড কাউন্সিলর ও প্যানেল মেয়র রেজাউল হক সড়ক দূর্ঘটনায় আহত হয়েছে।

বুধবার সন্ধ্যা ৬টার দিকে দর্শনা পুরাতন বাজারে প্রয়োজনীয় কাজ শেষে নিজ মোটরসাইকেল যোগে দর্শনা পৌরসভাধীন রামনগর গ্রামের বাড়ি ফিরছিলেন দর্শনা পৌরসভার ৬নং ওয়ার্ড কাউন্সিলর ও পৌর প্যানেল মেয়র-২ রেজাউল হক।

এসময় দর্শনা পুরাতন বাজার-মুজিবনগর সড়কের ঘুঘুডাঙ্গা নামক স্থানে পৌছালে একটি গরুর সঙ্গে মোটরসাইকেলের ধাক্কা লাগে।

এতে মোটরসাইকেল চালক কাউন্সিলর রেজাউল হক সড়কের উপর ছিটকে পড়ে রক্তাক্ত জখম হয়ে মারাত্বকভাবে আহত হয়। এসময় স্থানীয় লোকজন তাকে উদ্ধার করে চিকিৎসার জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নেয়।

কোটচাঁদপুর তাসলিমা হত্যা মামলার ৩ জন আসামি আটক

ঝিনাইদাহ কোটচাঁদপুরের লক্ষিপুর গ্রামের তাসলিমা হত্যা মামলার সন্দেহ ভাজন ৩ জন আসামিকে আটক করেছেন কোটচাঁদপুর থানা পুলিশ।

আটককৃতরা হলেন উপজেলার লক্ষিপুর গ্রামের আনার মন্ডলের ছেলে চান মন্ডল, খোসাল মন্ডলের ছেলে বাদল হোসেন ও রমজান আলীর ছেলে আব্বাস আলী। গতকাল বুধবার তাদেরকে আদালতে পাঠিয়েছেন থানা পুলিশ।

জানা যায়, গেল ১ জুন (বুধবার) রাতে দুর্বৃত্তরা কুপিয়ে হত্যা করে তাসলিমা খাতুন (৩৮)কে । ওই রাতেই বাড়ির পাশের ঘাসের জমিতে পাওয়া যায় ক্ষত-বিক্ষত মৃতদেহ। পরে পুলিশ তাঁর মৃতদেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য ঝিনাইদহ মর্গে পাঠান। সে উপজেলার লক্ষিপুর গ্রামের ইজিবাইক চালক আলমগীর হোসেনের স্ত্রী।

পরের দিন ওই ঘটনায় তাসলিমার ভাই মোস্তফা রহমান বাদি হয়ে কোটচাঁদপুর থানায় মামলা করেন। যার নাম্বার ১। তারিখ ০২/০৬/২০২২।

গত মঙ্গলবার রাতে ওই মামলার সন্দেহ ভাজন ৩ জন আসামি চান মন্ডল, বাদল হোসেন ও আব্বাস আলী আটক করে কোটচাঁদপুর থানা পুলিশ। ।

এ ব্যাপারে কোটচাঁদপুর থানার উপপরিদর্শক মাসুদুর রহমান জানান, আসামীদের অজ্ঞাত করে মামলাটি হয়েছিল। মামলার পর থেকে তদন্তের পর সন্দেহ ভাজন ৩ জনকে আটক করা হয়েছে। তবে তারা কিছুটা স্বীকারোক্তি দিয়েছেন। আদালতে নেওয়া হচ্ছে। কি বলেন, তারপর বলা যাবে।

কার্পাসডাঙ্গায় বাসের দখলে মহাসড়ক,দেখার নেই কেউ

কার্পাসডাঙ্গা-মুজিবনগর আঞ্চলিক মহাসড়কের কার্পাসডাঙ্গা বাজারের পাশে সারি সারি বাস সড়কের পাশ জুড়ে রাখা হলেও দেখার যেন কেউ নেই। ফলে পথচারীরা চরম বিড়ম্বনায় পড়েছে।

বেড়েছে দুর্ঘটনার ঝুঁকি। জানা গেছে, কার্পাসডাঙ্গা-মুজিবনগর আঞ্চলিক মহাসড়কের কার্পাসডাঙ্গা বাজার একটি গুরুত্বপূর্ণ স্থান।

এখানে রয়েছে বিভিন্ন ধরনে দোকান ও প্রাথমিক, মাধ্যমিক, বালক বালিকা বিদ্যালয়সহ বেশ কয়েকটি শিক্ষা প্রতিষ্ঠান। প্রতিদিন হাজারো ছাত্রছাত্রী যাতায়াত করে।

কার্পাসডাঙ্গা বাজারের প্রবেশমুখে মুচি মোড় থেকে কাস্টম মোড় জামতলা পর্যন্ত সড়কের দু’ পাশে নিউ মর্ডান, রেখা, শামীম এন্টার প্রাইজ, সাথী সহ বাস গুলো এনে বেশিরভাগ সময় মহাসড়কের উপরেই রাখা হয়।

এতে সড়কের দু’পাশের বেশ কিছু অংশ বাসের দখলে থাকে। এ কারণে পথচারী ও যানবাহন চলাচলে ব্যাপক বিঘ্ন ঘটে। বিশেষ করে ছাত্রছাত্রীদের চলাচলে বিড়ম্বনার সীমা নেই।

স্থানীয় প্রাইভেট চালক সালমান জানান, মুচি মোড় থেকে কাস্টম মোড় পর্যন্ত বাস আছে। মুচি মোড় এসে মোড় ঘুরতে সমস্যা হচ্ছে। মুচি মোড়ে সড়কের মধ্যে রাখছে বাসগুলো। মহাসড়কে বাসগুলো রাখার কারণে অন্য পরিবহনগুলোর ওই সড়কে ঝুঁকির মধ্যে চলাচল করছে। নিয়মিত চলাচল করা বাসগুলো ঠিকমত টার্মিনালে ঢুকতে পারছে না। যানজট লেগেই যাচ্ছে। কিছু একটা হলে তো মানুষ আমাদেরক ধরবে। যত দোষ ড্রাইভারের।

আশরাফুল ইসলাম নামে আরেক চালক বলেন, যেভাবে গাড়িগুলো রাখছে একটা গাড়িকে ওভারটেক করলেই ওই গাড়ি লাগি যাইবে। তো গাড়িগুলো অন্য জাগাত রাখতে পারত।

প্রতিদিনই বিভিন্ন প্রকার যানবাহনে দর্শনার্থীরা যায়। এছাড়াও স্থানীয় নানা প্রকার যানবাহন চলাচলের মধ্য দিয়ে রাস্তাটি সব সময় ব্যস্ত থাকে।

বিষয়টি নজরে আনলে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার সানজিদা বেগম বলেন, বিষয়টি আমার জানা নেই। তবে আমি খোঁজ নিচ্ছি। ঘটনার সত্যতা পাওয়া গেলে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে। প্রয়োজনীয় ব্যবস্থা নিতে সংশ্লিষ্ট কর্মকর্তার আশু হস্তক্ষেপ কামনা করেছে এলাকাবাসী সহ সচেতন মহল।

দামুড়হুদায় ট্রাক- মাটরসাইকেল সংঘর্ষে স্কুলছাত্র নিহত

চুয়াডাঙ্গার দামুড়হুদায় ট্রাক ও মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে সুমন আলী (১৩) নামে এক স্কুলছাত্র নিহত হয়েছে। আহত হয়েছে আরও ৩ জন।

বুধবার বিকেল সাড়ে ৩ টার দিকে দামুড়হুদা উপজেলার জয়রামপুর গ্রামের কাঠালতলা এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

নিহত সুমন আলী একই উপজেলার জয়রামপুর গ্রামের কুঠিরপাড়ার কৃষক

বাবলু রহমানের ছেলে। আহতরা হলো, জয়রামপুর গ্রামের কুঠিরপাড়ারর তারা মিয়ার ছেলে তামিম হোসেন (১১), একই পাড়ার আরিফুল ইসলামের ছেলে ইমন আলী (১০) ও শেখপাড়ার সাইফুল ইসলামের ছেলে ফখরুদ্দিন (১২)।

তামিম ও ইমন জয়রামপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পঞ্চম শ্রেণির ছাত্র ও ফখরুদ্দিন জয়রামপুর মাধ্যমিক বিদ্যালয়ের ষষ্ঠ শ্রেণির ছাত্র।

স্থানীয়রা জানান, বুধবার বিকেলে জয়রামপুর গ্রামের মাঠে মোটরসাইকেলযোগে ফুটবল খেলা দেখতে যাচ্ছিল সুমন ও তার তিন বন্ধু তামিম, ফখরুদ্দিন ও ইমন। মোটরসাইকেল চালাচ্ছিল ফখরুদ্দিন।

এ সময় তারা জয়রামপুর গ্রামের কাঠালতলা এলাকায় পৌঁছালে বিপরীত দিক থেকে আসা একটি ট্রাকের সাথে তাদের মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষ হয়। এতে গুরুতর আহত হয় তারা। ওই সময় পালিয়ে যায় ট্রাকটি।

আহতদের মধ্যে সুমন, ফখরুদ্দিন ও তামিমকে উদ্ধার করে সদর হাসপাতালে নেয় স্থানীয়রা। সেখানে জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক সুমনকে মৃত ঘোষণা করেন। আহত ইমন স্থানীয়ভাবে চিকিৎসা নিয়েছে।

সদর হাসপাতালের জরুরি বিভাগের চিকিৎসক সাদিয়া মা-আরিজ জানান, হাসপাতালে নেয়ার আগেই মারা গেছে সুমন। আহত তামিম ও ফখরুদ্দিনকে হাসপাতালে ভর্তি রেখে চিকিৎসা দেয়া হচ্ছে। তাদের অবস্থা আশঙ্কাজনক।

এ বিষয়ে দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ফেরদৌস ওয়াহিদ জানান, দুর্ঘটনার পর ট্রাকটি পালিয়ে যায়। ওই ঘটনায় আইনগত বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে বলেও জানান তিনি।

মেহেরপুর শিল্পকলা একাডেমীর

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]